

“মাটি পরীক্ষার মাধ্যমে সুষম সার ব্যবহার করুন
অধিক ফসল ঘরে তুলুন”

মাটির স্বাস্থ্য সংরক্ষণ ও ভাল ফলনের জন্য জমিতে সুষমাত্রায় সার ব্যবহার করা জরুরী। সুষমাত্রায় সার নির্ধারণ নির্ভর করে মাটির গুণাগুণের ওপর। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষাগার “সুরমা” এর মাধ্যমে রবি-২০২২ মৌসুমে উপজেলায় গিয়ে সরেজমিনে মৃত্তিকা নমুনা পরীক্ষা করে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিভিন্ন ফসলের চাহিদানুসারে সুষমাত্রায় সার সুপারিশ প্রদান করবেন।

আগামী ২১ নভেম্বর থেকে ২৩ নভেম্বর সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলায়
২৪ নভেম্বর থেকে ২৭ নভেম্বর সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলায়
২৮ নভেম্বর থেকে ৩০ নভেম্বর হবিগঞ্জ জেলার আজমেরীগঞ্জ উপজেলায় এবং
০১ ডিসেম্বর থেকে ০৪ ডিসেম্বর মৌলভীবাজার জেলার সদর উপজেলায় এ কর্মসূচী চলবে

আগ্রহী কৃষক কৃষাণী ভাই বোনদেরকে কর্মসূচী অনুযায়ী নির্ধারিত ফি প্রদান করে মৃত্তিকা নমুনা পরীক্ষার মাধ্যমে সুষমাত্রায় সার ব্যবহার বিষয়ক পরামর্শ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। কর্মসূচী শুরু পূর্বে সংশ্লিষ্ট কৃষি কর্মকর্তার কার্যালয়ে মৃত্তিকা নমুনা জমা দিয়ে কর্মসূচীর শেষ দিনে সরাসরি সার সুপারিশ কার্ড গ্রহণ করা যাবে। বিস্তারিত জানার জন্য আজই মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, চন্ডিপুল পয়েন্ট, সিলেট অথবা সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

“মাটি পরীক্ষা করে সার দিন গোলা ভরে ফসল নিন”

প্রচারে: কৃষি তথ্য সার্ভিস, সিলেট।